

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

স্মারক নং-৫১.০১.৩৮৪৭.০০০.৪২.০২১.২০.১৫৪

তারিখঃ ২৩/০৪/২০২০ খ্রি.

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সৃষ্ট দুর্যোগে বিশেষ মানবিক সহায়তা পাওয়ার উপযোগীদের তালিকা প্রস্তুত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণজনিত সংকট মোকাবেলায় ইতোমধ্যে সকল ইউনিয়নে “ইউনিয়ন কমিটি” এবং ও ইউনিয়নের সকল ওয়ার্ডে “ওয়ার্ড কমিটি” গঠন করা হয়েছে। গঠিত কমিটির মাধ্যমে “করোনা ভাইরাস পরিস্থিতিতে সৃষ্ট দুর্যোগে বিশেষ মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা-২০২০” নির্দেশিকা অনুসারে করোনা ভাইরাস পরিস্থিতিতে সৃষ্ট দুর্যোগে যে সকল কর্মজীবী মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছে সে সকল কর্মহীন ব্যক্তি যেমন ভিক্ষুক, ভবঘুরে, দিন মজুর, রিক্সাচালক, ভ্যানগাড়ী চালক, পরিবহন শ্রমিক, রেস্টুরেন্ট শ্রমিক, ফেরীওয়ালা, চায়ের দোকানদার, দুঃস্থ, নিম্ন মধ্যবিত্ত পরিবারসহ মানবিক সহায়তা পাওয়ার যোগ্য ব্যক্তি/পরিবারের অগ্রাধিকারভিত্তিতে (নিম্নোক্ত ইউনিয়নের নামের পাশে বর্ণিত সংখ্যক ব্যক্তি/পরিবার) তালিকা উক্ত নীতিমালায় বর্ণিত নির্ধারিত ছকে প্রস্তুতপূর্বক অনিতবিলম্বে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রস্তুতকৃত তালিকায় যেসকল পরিবার ভিজিডি ও খাদ্য বান্ধব কর্মসূচি (ওএমএস) এর আওতায় অর্ন্তভুক্ত তাদেরকে বাদ দিতে হবে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ব্যক্তি/পরিবার সংখ্যা
১.	ধলাহার	১৩২৭.০০ জন
২.	দোগাছি	২৫৭৫.০০ জন
৩.	ভাদসা	২৬৭৪.০০ জন
৪.	মোহাম্মদাবাদ	১৪০০.০০ জন
৫.	পুরানাপৈল	১৯২০.০০ জন
৬.	আমদই	১৭২৩.০০ জন
৭.	বম্বু	২০২৪.০০ জন
৮.	জামালপুর	১৯১৮.০০ জন
৯.	চকবরকত	১২৪০.০০ জন
	মোট=	১৬৮০১.০০ জন

চেয়ারম্যান,
ধলাহার/দোগাছি/ভাদসা/মোহাম্মদাবাদ/পুরানাপৈল/আমদই/বম্বু/জামালপুর/চকবরকত
ইউনিয়ন পরিষদ, সদর, জয়পুরহাট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জয়পুরহাট।
- ৪। উপজেলা..... অফিসার, সদর, জয়পুরহাট।


(মিল্টন হুসেইন রায়)

উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট
☎ ০৫৭১-৬২২৪১